

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

<http://damurhuda.chuadanga.gov.bd>



উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ ও প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : এস.এম. মুনিম লিংকন
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

তারিখ : ২৪-০৩-২০১৯ খ্রি.; সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর সম্বলিত তালিকা পরিশিষ্ট “ক” তে লিপিবদ্ধ।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর দেশ ব্যাপী করোনা ভাইরাস(COVID-19) এর সংক্রমণ ও প্রতিরোধ সম্পর্কে বিস্তারিত আলোচনা ও তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	ছুটিকালীন সময়ে জরুরি পরিস্থিতি মোকাবিলায় সকল কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন। এক্ষেত্রে প্রত্যেকে মোবাইলে/ই-মেইল/ মেসেঞ্জারে পরস্পরের সাথে যোগাযোগ রক্ষা করবেন মর্মে আলোচনা করা হয়।	উপস্থাপিত বিষয় প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)।
২.	দামুড়হুদা উপজেলার ০৮টি ইউনিয়নে আটজন ও পৌরসভার একজন তদারকি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ সর্বমোট ০৯ জন ট্যাগ অফিসার নিয়োগ করার বিষয়ে আলোচনা হয়। উক্ত দায়িত্বপ্রাপ্ত অফিসারগণ নিম্নোক্ত কাজসমূহ টেলিফোনে ও প্রয়োজনে সরেজমিনে করবেন মর্মে আলোচনা হয়। ক. বিদেশ ফেরত কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিদের ফলোআপ করা। খ. কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিদের বাড়িতে লাল পতাকা ও কোয়ারেন্টাইন সম্পর্কিত স্টিকার লাগানো নিশ্চিত করা। গ. তালিকা হালনাগাদ করা। ঘ. সংক্রমণ বৃদ্ধি পেলে গরীব মানুষের মাঝে ত্রাণ বিতরণের কাজ সমন্বয় করা। ঙ. হাট বাজারসমূহে, চা-পানের দোকান, রেস্টুরেন্টে লোক সমাগম যেন না হয় সেটি নিশ্চিত করা এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দাম/ বাজার মনিটরিং করা। চ. আক্রান্ত ব্যক্তি মারা গেলে তার সৎকারের সময় স্বাস্থ্য অধিদপ্তরের গাইডলাইন মেনে ব্যবস্থা নেয়া। ছ. দায়িত্বপ্রাপ্ত এলাকার জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে নিয়মিত বাজার মনিটরিং করা। জ. দায়িত্বপ্রাপ্ত এলাকার জনপ্রতিনিধিদের নিয়ে গঠিত করোনা ভাইরাস সংক্রান্ত কমিটিকে পরামর্শ প্রদান ও তাদের কার্যক্রমের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে দৈনিক অবহিত করবেন। (টেলিফোন/ ই-মেইল/ মেসেঞ্জার এর মাধ্যমে)। সংগৃহীত তথ্যাদি একীভূত করে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা	উপস্থাপিত বিষয় প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

(Signature)